

কে এম নুরুল হুদা

জনাব কে এম নুরুল হুদা ১৯৪৮ সালের ৩০ এপ্রিল পটুয়াখালী জেলার বাউফল উপজেলার নওমালা গ্রামে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা আব্দুর রশিদ খান এবং মাতা মেহেন নেগা খানম। তিনি ১৯৭২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি, ১৯৮৯ সালে ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয় (যুক্তরাজ্য) থেকে অর্থনীতি এবং সমাজ বিজ্ঞান বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা এবং ১৯৭৫ সালে সোভিয়েত ইউনিয়ন থেকে উন্নত শিল্প ব্যবস্থাপনার উপর সার্টিফিকেট অর্জন করেন।

তিনি বিবাহিত। স্ত্রী হোসনে আরা হুদা। তাদের তিনটি সন্তান : দুটি মেয়ে এবং একটি ছেলে। বড় মেয়ে সাঈদা পারভীন খান ওয়েন স্টেট বিশ্ববিদ্যালয় (যুক্তরাষ্ট্র) থেকে পিএইচডি ডিগ্রি নিয়ে আমেরিকায় বসবাস করে। সে বিবাহিত। স্বামী মোঃ তাহমিদুর রহমান। তাদের দুটি পুত্র সন্তান। দ্বিতীয় মেয়ে সাজিয়া পারভীন খান কার্লটোন বিশ্ববিদ্যালয় (কানাডা) থেকে ইংরেজি ভাষার উপর মাস্টার্স ডিগ্রি অর্জন করেছে। সে বিবাহিত। স্বামী মোঃ নাইমুল হক। তাদের দুটো সন্তান: একটি মেয়ে ও একটি ছেলে। তারা কানাডায় বসবাস করে। ছেলে কামরুল হুদা খান ওটোয়া বিশ্ববিদ্যালয় (কানাডা) থেকে টেলিযোগাযোগ প্রকৌশল বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করেছে। সে কানাডায় বসবাস করে।

জনাব হুদা ভারত থেকে গেরিলাযুদ্ধ প্রশিক্ষণ গ্রহণ করে ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধে সক্রিয় অংশ গ্রহণ করেন। তিনি পটুয়াখালী অঞ্চলে পাকিস্তানি দখলদার বাহিনীর বিরুদ্ধে অনেকগুলো যুদ্ধের নেতৃত্ব দেন। পরাজিত পাকিস্তান সৈন্য ১৯৭১ সালের ০৭ ডিসেম্বরের মধ্যে বরগুনা সহ সমগ্র পটুয়াখালী জেলা থেকে পালিয়ে যায়। জনাব হুদার নেতৃত্বে মুক্তিবাহিনী ০৮ ডিসেম্বর তারিখে পটুয়াখালী জেলা সদর দখল করে সমগ্র জেলার মুক্তিযুদ্ধ কমান্ড গ্রহণ করেন।

জনাব হুদা ১৯৭৩ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। তিনি বাংলাদেশ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদের দায়িত্ব পালন করেছেন। তার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, উপসচিব, ঢাকা বিভাগের স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক, জাতীয় পর্যায়ের বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালক, যুগ্মসচিব, ঢাকা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ মিউনিসিপাল ডেভলপমেন্ট ফান্ড এর ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির চেয়ারম্যান। তিনি সচিব হিসেবে ২০০৬ সালে অবসর গ্রহণ করেন। তিনি বেসরকারি প্রতিষ্ঠান জেমকন গ্রুপের প্রশাসন এবং মানব-সম্পদ বিভাগের পরিচালক (২০০৫-২০০৮) পদে নিয়োজিত ছিলেন। তিনি জাতিসংঘের পরিবেশ কর্মসূচির অধীনে আন্তর্জাতিক পরিবেশ প্রযুক্তি কেন্দ্রের আন্তর্জাতিক উপদেষ্টা পর্যদের সদস্য (২০১২-২০১৫) পদের দায়িত্ব পালন করেছেন।

জনাব হুদা দলনেতা, প্রবন্ধ উপস্থাপক, মডারেটর, আলোচক হিসেবে দেশ-বিদেশে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বহু সংখ্যক সম্মেলন, সেমিনার, কর্মশালায় অংশগ্রহণ করেছেন। সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি দেশ: কানাডা, জাপান, চীন, দক্ষিণ কোরিয়া, জার্মানি, ভিয়েতনাম, ফিলিপাইন, কলোম্বিয়া, শ্রীলংকা, ভারত ইত্যাদি।

জনাব হুদা বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) এর জাতীয় কমিটির সদস্য। তিনি পটুয়াখালী জেলা সমিতির প্রাক্তন সভাপতি। তার একটি গবেষণামূলক বই *Municipal Solid Waste Management; Bangladesh perspective 2008* সালে প্রকাশিত হয়। তা ছাড়া বিভিন্ন ইংরেজি দৈনিকে তার প্রায় ৮০টি প্রবন্ধ ছাপা হয়েছে।